

হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৮৪

১/ ঈমান

পরিচ্ছেদঃ নবী-প্রীতি ঈমানের অঙ্গ

আরবী

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ قَالَ: قَالَ رَجُلٌ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَا رَسُولَ اللَّهِ وَاللَّهِ إِنِّي لأُحِبُّكَ فَقَالَ: انْظُرْ مَاذَا تَقُولُ قَالَ: وَاللَّهِ إِنِّي لأُحِبُّكَ فَقَالَ: انْظُرْ مَاذَا تَقُولُ قَالَ: وَاللَّهِ إِنِّي لأُحِبُّكَ ثَلَاثَ مَرَّاتٍ فَقَالَ: إِنْ كُنْتَ تُحِبُّنِي فَأَعِدْ لِلْفَقْرِ تَجَفُّفًا فَإِنَّ الْفَقْرَ أَسْرَعُ إِلَى مَنْ يُحِبُّنِي مِنَ السَّيْلِ إِلَى مُنْتَهَاهُ

বাংলা

(৮৪) আব্দুল্লাহ ইবনে মুগাফফাল (রাঃ) বলেন, এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বলল, 'আল্লাহর কসম! আমি অবশ্য অবশ্যই আপনাকে ভালোবাসি।' তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, 'তুমি কী বলছ, তা ভেবে দেখ। সে বলল, 'আল্লাহর কসম! আমি অবশ্য অবশ্যই আপনাকে ভালোবাসি।' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবারও বললেন, 'তুমি কী বলছ, তা ভেবে দেখ। সে পুনরায় বলল, 'আল্লাহর কসম! আমি অবশ্য অবশ্যই আপনাকে ভালোবাসি।' একই কথার তিনবার পুনরাবৃত্তি করলে তিনি বললেন, যদি তুমি আমাকে ভালোবেসেই থাকো, তাহলে দারিদ্রের জন্য বর্ম প্রস্তুত রাখো। কেননা, যে আমাকে ভালবাসবে, শ্রোত তার শেষ প্রান্তের দিকে যাওয়ার চাইতেও বেশি দ্রুতগতিতে দারিদ্র্য তার নিকট আগমন করবে।

ফুটনোট

(তিরমিযী ২৩৫০, সিলসিলা সহীহাহ ২৮২৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=62848>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন